# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮

( ২০১৮ সনের ১৫ নং আইন )

**Bangladesh Rural Development Board Ordinance, 1982 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া পুনঃপ্রণয়নের উদ্দেশ্যে প্রণীত আইন**

যেহেতু সংবিধান (পঞ্চদশ সংশোধন) আইন, ২০১১ (২০১১ সনের ১৪ নং আইন) দ্বারা ১৯৮২ সালের ২৪ মার্চ হইতে ১৯৮৬ সালের ১১ নভেম্বর পর্যন্ত সময়ের মধ্যে সামরিক ফরমান দ্বারা জারিকৃত অধ্যাদেশসমূহের অনুমোদন ও সমর্থন সংক্রান্ত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানর চতুর্থ তপশিলের ১৯ অনুচ্ছেদ বিলুপ্ত হয় এবং সিভিল আপিল নং ৪৮/২০১১ তে সুপ্রীমকোর্টের আপিল বিভাগ কর্তৃক প্রদত্ত রায়ে সামরিক আইনকে অসাংবিধানিক ঘোষণাপূর্বক উহার বৈধতা প্রদানকারী সংবিধান (সপ্তম সংশোধন) আইন, ১৯৮৬ (১৯৮৬ সনের ১ নং আইন) বাতিল ঘোষিত হওয়ায় উক্ত অধ্যাদেশসমূহের কার্যকারিতা লোপ পায়; এবং

যেহেতু ২০১৩ সনের ৭নং আইন দ্বারা উক্ত অধ্যাদেশসমূহের মধ্যে কতিপয় অধ্যাদেশ কার্যকর রাখা হয়; এবং

যেহেতু উক্ত অধ্যাদেশসমূহের আবশ্যকতা ও প্রাসঙ্গিকতা পর্যালোচনা করিয়া আবশ্যক বিবেচিত অধ্যাদেশসমূহ সকল স্টেক-হোল্ডার ও সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয় ও বিভাগের মতামত গ্রহণ করিয়া প্রয়োজনীয় সংশোধন ও পরিমার্জনক্রমে বাংলায় নূতন আইন প্রণয়ন করিবার জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে; এবং

যেহেতু সরকারের উপরি-বর্ণিত সিদ্ধান্তের আলোকে, Bangladesh Rural Development Board Ordinance, 1982 রহিতক্রমে উহা পরিমার্জনপূর্বক সময়োপযোগী করিয়া পুনঃপ্রণয়ন করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন**

১। (১) এই আইন বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড আইন, ২০১৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

**সংজ্ঞা**

২। বিষয় বা প্রসংগের পরিপন্থি কোনো কিছু না থাকিলে এই আইনে-

(১) "উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি" অর্থ সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ১০ এর অধীন নিবন্ধিত উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি (ইউসিসিএ) বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি (টিসিসিএ);

(২) "চেয়ারম্যান" অর্থ বোর্ডের চেয়ারম্যান;

(৩) "তহবিল" অর্থ ধারা ৯ এ উল্লিখিত তহবিল;

(৪) "পল্লী উন্নয়ন দল" অর্থ মহাপরিচালক বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মচারী কর্তৃক স্বীকৃত আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নের লক্ষ্যে একটি নির্দিষ্ট ভৌগোলিক সীমারেখার মধ্যে বসবাসকারী একই পেশা বা একই আর্থ-সামাজিক অবস্থাসম্পন্ন জনগোষ্ঠী কর্তৃক গঠিত কোন দল;

(৫) "প্রবিধান" অর্থ এই আইনের অধীন প্রণীত প্রবিধান;

(৬) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(৭) "বোর্ড" অর্থ ধারা ৩ এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড;

(৮) "ভাইস চেয়ারম্যান" অর্থ বোর্ডের ভাইস চেয়ারম্যান;

(৯) "মহাপরিচালক" অর্থ ধারা ৮ এর অধীন নিযুক্ত বোর্ডের মহাপরিচালক এবং মহাপরিচালকের দায়িত্ব পালনরত ব্যক্তিও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১০) "সদস্য" অর্থ বোর্ডের কোনো সদস্য;

(১১) "সমবায় সমিতি" অর্থ সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ২ এর দফা (২০) এ সংজ্ঞায়িত কোনো সমবায় সমিতি।

**বোর্ড প্রতিষ্ঠা**

৩। (১) Bangladesh Rural Development Board Ordinance, 1982 (Ordinance No. LIII of 1982) এর অধীন প্রতিষ্ঠিত বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (Bangladesh Rural Development Board) এমনভাবে বহাল থাকিবে যেন উহা এই আইনের অধীন প্রতিষ্ঠিত।

(২) বোর্ড একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারণ সীলমোহর থাকিবে এবং এই আইন ও তদধীন প্রণীত বিধির বিধান সাপেক্ষে, ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং বোর্ড উহার নিজ নামে মামলা দায়ের করিতে পারিবে এবং উক্ত নামে উহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**প্রধান কার্যালয়**

৪। (১) বোর্ডের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) বোর্ড, প্রয়োজন মনে করিলে, বাংলাদেশের যে কোনো স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**বোর্ডের গঠন,**

৫। (১) নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে বোর্ড গঠিত হইবে, যথা : -

(ক) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার চেয়ারম্যানও হইবেন;

(খ) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী বা উপ-মন্ত্রী, যদি থাকেন, ভাইস- চেয়ারম্যানও হইবেন;

(গ) সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, পদাধিকারবলে;

(ঘ) পল্লী উন্নয়ন বিষয়ে দায়িত্বপ্রাপ্ত পরিকল্পনা কমিশন এর সদস্য, পদাধিকারবলে;

(ঙ) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী, কুমিল্লা, পদাধিকারবলে;

(চ) মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া, পদাধিকারবলে;

(ছ) মহাপরিচালক, বঙ্গবন্ধু দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়ন একাডেমী, পদাধিকারবলে;

(জ) নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, পদাধিকারবলে;

(ঝ) কৃষি মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি;

(ঞ) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উক্ত মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি;

(ট) অর্থ বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি;

(ঠ) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক মনোনীত উক্ত বিভাগের যুগ্ম-সচিব পদমর্যাদার নিম্নে নহেন এমন একজন প্রতিনিধি;

(ড) উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির জাতীয় ফেডারেশন এর চেয়ারম্যান, পদাধিকারবলে;

(ঢ) উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতিকে আর্থিক সহায়তা প্রদানকারী প্রধান প্রতিষ্ঠানসমূহ হইতে সরকার কর্তৃক মনোনীত একজন সদস্য;

(ণ) মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, পদাধিকারবলে, যিনি উহার সদস্য-সচিবও হইবেন।

(২) উপ-ধারা (১) এর দফা (ক) এর উদ্দেশ্য পূরণকল্পে, মন্ত্রীর অনুপস্থিতিতে প্রতিমন্ত্রী, যদি থাকেন, মন্ত্রী ও প্রতিমন্ত্রী উভয়ের অনুপস্থিতিতে উপ-মন্ত্রী, যদি থাকেন, এবং মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রী সকলের অনুপস্থিতিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব চেয়ারম্যানের দায়িত্ব পালন করিবেন।

(৩) উপ-ধারা (১) এর দফা (ঢ) এর অধীন মনোনীত সদস্য-

(ক) তাহার মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর মেয়াদে স্বীয় পদে বহাল থাকিবেন;

(খ) সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, সরকার, প্রয়োজনবোধে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে, যে কোনো সময় কারণ দর্শানো ব্যতিরেকে উক্ত সদস্যের মনোনয়ন বাতিল করিতে পারিবে।

**বোর্ডের সভা**

৬। (১) এই ধারার অন্যান্য বিধানাবলি সাপেক্ষে, বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ডের সভা চেয়ারম্যানের সম্মতিক্রমে, উহার সদস্য-সচিব কর্তৃক আহুত হইবে এবং উহা চেয়ারম্যান কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে অনুষ্ঠিত হইবে।

(৩) প্রতি ৬ (ছয়) মাসে বোর্ডের কমপক্ষে একটি সভা অনুষ্ঠিত হইবে।

(৪) বোর্ডের সভার কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতির প্রয়োজন হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৫) বোর্ডের সভায় প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) চেয়ারম্যান বোর্ডের সকল সভায় সভাপতিত্ব করিবেন এবং ধারা ৫ এর উপ-ধারা (১) এর দফা (ক) ও (খ) এর বিধান সাপেক্ষে, চেয়ারম্যানের অনুপস্থিতিতে ভাইস-চেয়ারম্যান এবং চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান উভয়ের অনুপস্থিতিতে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সচিব উক্ত সভায় সভাপতিত্ব করিবেন।

(৭) কোনো সদস্য পদের শূন্যতা বা বোর্ড গঠনে ত্রুটি থাকিবার কারণে বোর্ডের কোনো কার্য বা কার্যধারা অবৈধ হইবে না বা তৎসম্পর্কে কোনো আদালতে বা অন্য কোথাও কোনো প্রশ্নও উত্থাপন করা যাইবে না

**বোর্ডের কার্যাবলি**

৭। (১) বোর্ডের কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :-

(ক) উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান এবং পল্লী উন্নয়নের লক্ষ্যে গ্রাম পর্যায়ে প্রাথমিক সমবায় সমিতি, পল্লী উন্নয়ন দল এবং উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতিকে নিজস্ব ব্যবস্থাপনায় স্ব-শাসিত ও অর্থনৈতিকভাবে টেকসই চালিকা-শক্তিরূপে গড়িয়া উঠিতে সহায়তা করা;

(খ) পল্লীর দরিদ্র মানুষের আয় বৃদ্ধি এবং কর্মসংস্থানের জন্য প্রাথমিক সমবায় সমিতি ও পল্লী উন্নয়ন দলকে উৎসাহিত করা;

(গ) সমবায়ের উন্নতির উপায় হিসাবে নিবিড় কৃষি সেচের উন্নয়ন এবং সমবায় সমিতি বা পল্লী উন্নয়ন দল গঠনের মাধ্যমে ভূ-গর্ভস্থ ও ভূ-পৃষ্ঠের পানির উপর নির্ভর করিয়া সেচ সুবিধাদির সর্বাধিক ব্যবহার করা;

(ঘ) সমবায় সমিতি, উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি এবং পল্লী উন্নয়ন দলের মাধ্যমে প্রাতিষ্ঠানিক ঋণের ব্যবস্থা করিয়া উহার উৎপাদনমুখী ব্যবহার নিশ্চিত করাসহ উক্ত সমিতি বা দলের সদস্যদের শেয়ার ও সঞ্চয়ের জমার পরিমাণ বৃদ্ধিতে সহায়তা করা;

(ঙ) আর্থিকভাবে সক্ষম উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতি এবং পল্লী উন্নয়ন দলের সদস্যদের সেবা প্রদানের লক্ষ্যে বহুমুখী কার্যক্রম গ্রহণে, বিশেষত, কৃষিতে ব্যবহৃত ও কৃষিজাত পণ্য বাজারজাতকরণে উৎসাহ প্রদান করা;

(চ) পল্লী উন্নয়ন দল এবং উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির ব্যবস্থাপনা কমিটির সদস্য এবং আদর্শ কৃষকদেরকে কৃষি ও পল্লী উন্নয়ন কার্যক্রমে ফলপ্রসূ প্রশিক্ষণের ব্যবস্থা করা;

(ছ) পল্লী উন্নয়ন দল এবং উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতিকে সেবা, সরবরাহ ও সহযোগিতা প্রদানের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, বিভাগ এবং সংস্থাসমূহের সহিত যোগাযোগ ও সমন্বয় রক্ষা করা;

(জ) পল্লী উন্নয়ন সম্পর্কিত উন্নয়ন, উদ্‌বুদ্ধকরণ এবং শিক্ষামূলক কার্যক্রমসমূহ প্রগতিশীলভাবে পরিচালনার জন্য উপজেলা কেন্দ্রীয় সমবায় সমিতি বা থানা কেন্দ্রীয় সমবায় সমিতির জেলা ও জাতীয় ফেডারেশনসমূহকে উৎসাহ প্রদান করা;

(ঝ) বোর্ডের উদ্দেশ্য ও লক্ষ্য অর্জনে থানা, উপজেলা, জেলা ও বিভাগ পর্যায়ের কর্মচারীদের প্রয়োজনীয় আর্থিক ও প্রশাসনিক ক্ষমতা অর্পণ করা;

(ঞ) বোর্ডের বার্ষিক উন্নয়ন কর্মসূচি প্রস্তুত করা;

(ট) বার্ষিক বাজেট প্রস্তুত করা বা ক্ষেত্রমত, ধারা ১২ এর বিধান অনুসারে অনুমোদন করা;

(ঠ) পল্লী উন্নয়নের সহিত সংগতিপূর্ণ প্রকল্প, কর্মসূচি ও পল্লী উন্নয়ন মডেল সরকারের নিকট উপস্থাপন করা এবং সরকারের অনুমোদনক্রমে উহা বাস্তবায়ন করা;